যুগান্তর

তারিখ 02 APR 2015
পৃষ্ঠা ২ কলাম ৬

# ঢাবিতে ভবন ধসে ছাত্রসহ আহত ২

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাস্টারদা সূর্যসেন হলে ভবন ধসে এক ছাত্রসহ দুজন আহত হয়েছেন। এছাড়া অল্পের জন্য বড় ধরনের দুর্ঘটনা থেকে বেঁচে গেছেন হলের আরও ১০-১২ শিক্ষার্থী। বুধবার সকাল পৌনে ১০টার দিকে এ ঘটনা ঘটে। আহত শাহীনুর রহমান রেজা বিশ্ববিদ্যালয়ের তৃতীয় বর্ষের ছাত্র এবং অপরজন শাহ পরাণ- ওই হলের একটি দোকানের কর্মচারী। প্রত্যক্ষদর্শীরা জানান, সকালে ঝড়সহ বৃষ্টি শুরু হলে বিকট শব্দে শহীদ এইচএম ইব্রাহীম সেলিম মিলনায়তনের বারান্দার ছাদ ধসে পড়ে। এর সামনেই ছিল সূর্যসেন হলের মুদি দোকানগুলো। এ সময় দোকানে খাবার নিতে আসা রেজা ভেঙে পড়া একটি অংশের নিচে চাপা পড়েন। রেজা জানান, ছাদ ধসে পড়ছে টের পেয়ে তিনি পাশে থাকা স্টিলের বেঞ্চের নিচে ঢুকে পড়েন। ছাদের ধসে পড়া একটি অংশ বেঞ্চের অপর অংশে গিয়ে পরে। যে কারণে সরাসরি শরীরে আঘাত না লাগায় তিনি বেঁচে যান। পরে শিক্ষার্থীরা তাকে উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যান।